তারিখ 03-SEP 1994 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক বাংলা

পাসের হার ঃ যশোর ৭৭.৭১ ॥ রাজশাহী ৬৭.২১ ॥ কুমিল্লা ৬১.৫২

# তিন বোর্ডের এসএসসির ফল



যশোর বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় প্রথম মনোজ কুমার দত্ত তার মা-বাবার সঙ্গে – দৈনিক বাংলা

## অশোক কোন দিন স্কুলে ১ম হয়নি

স্টাফ রিপোর্টার ঃ রাজশাহী বোর্ডের সম্মিলিত মেধা তালিকার প্রথম স্থান অধিকারী এএফএম আশেক ইমরান খুশীতে আত্মহারা। এই গৌরবজনক ফল

(৮-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## মনোজ চিকিৎসক হতে চান

নিজস্ব প্রতিনিধি ঃ খুলনা।– যশোর বোর্ডের এসএসসি পরীক্ষায় খুলনা জেলা স্কুলের মনোজ কুমার দত্ত সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে। তার প্রাপ্ত নম্বর ৮৮২। ৭টি বিষয়ে লেটার পেয়েছে (বাং,

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

স্টাফ রিপোর্টার ঃ রাজশাহী, যশোর ও কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল গতকাল শুক্রবার বেরিয়েছে।

রাজশাহী বোর্ডে পাসের হার ৬৭ দশমিক ২১ শতাংশ। যশোর বোর্ডে পাস করেছে শতকরা ৭৭ দশমিক ৭১ শতাংশ ছাত্রছাত্রী। কুমিল্লা বোর্ডে পাসের হার ৬১ দশমিক ৫২ শতাংশ।

### রাজশাহী বোর্ড

রাজশাহী বোর্ডে পাসের হার ৬৭ দশমিক ২১ শতাংশ। অংশ নিয়েছিল মোট এক লাখ ৬১ হাজার ৫৮৩ জন পরীক্ষার্থী। উত্তীর্ণ হয়েছে এক লাখ আট হাজার ৫৯৮ জন।

প্রথম বিভাগ পেয়েছে ৫০ হাজার ২৭২ জন ছাত্র-ছাত্রী। দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ৫৬ হাজার ১২৮। তৃতীয় বিভাগ পেয়েছে দু'হাজার ১৯৮ জন।

সম্মিলিত মেধা তালিকায় শীর্ষ স্থান অধিকার করেছে দিনাজপুর জেলা স্কুলের ছাত্র এএফএম আশেক ইমরান। সাতটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮৯৯। দ্বিতীয় হয়েছে দুজন। রাজশাহী ইউনিভার্সিটি স্কুলের মুহাতারিমা তাবাসসুম। তার মোট নম্বর ৮৮৯, সাতটি লেটার। সাথীবাড়ি হাই স্কুলের ছাত্র মোহাম্মদ সায়েদ আলীর প্রাপ্ত নম্বরও ৮৮৯, সাতটি লেটার। তৃতীয় হয়েছে দুই জন। আহমদপুর এমএইচ হাই স্কুলের মোহাম্মদ লুৎফর রহমান। সে পেয়েছে ৮৮৮ নম্বর, সাতটি লেটার। আশিক ইকবাল দিনাজপুর জেলা স্কুল, ৬টি লেটার।

বিজ্ঞান গ্রুপে পাসের হার বেশী–শতকরা ৮৫ দশমিক ৩৮ ভাগ। অপরদিকে সমাজবিজ্ঞান গ্রুপে পাসের হার ৬১ দশমিক ৮২ শতাংশ। দুই গ্রুপ মিলিয়ে ছেলেদের পাসের হার শতকরা ৬৭ দশমিক ৩১ ভাগ। মেয়েদের পাসের হার ৬৭ দশমিক দুই শতাংশ।

### যশোর বোর্ড

যশোর বোর্ডে এবারের এসএসসি-তে পাসের হার শতকরা ৭৭ দশমিক ৭১ ভাগ। পরীক্ষা দিয়েছিল এক লাখ ৩৫ হাজার ৫৭৫ জন ছাত্র-ছাত্রী। এর মধ্যে কৃতকার্য হয়েছে এক লাখ পাঁচ হাজার ৩৫৭ জন। প্রথম বিভাগ পেয়েছে ৪৭ হাজার ৪৩ জন। দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা ৫৬ হাজার ৫৭১। তৃতীয় বিভাগে পাস করেছে এক হাজার ৭৪৩ জন।

সম্মিলিত মেধা তালিকায় শীর্ষ স্থান অধিকার করেছে খুলনা জেলা স্কুলের মনোজ কুমার দত্ত। সাতটি লেটারসহ সে পেয়েছে ৮৮২ নম্বর। দ্বিতীয় হয়েছে খুলনা জেলা স্কুলের ছাত্র এসএম ফরহাদ। তার প্রাপ্ত নম্বর ৮৮০, ছয়টি লেটার। খুলনার ফাতেমা হাই স্কুলের লায়লা আরজুমান বানু তৃতীয় হয়েছে। ছয়টি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮৭৯।

বিজ্ঞান গ্রুপে পাসের হার বেশী–৯১ দশমিক ৯২ শতাংশ। অপরদিকে সমাজবিজ্ঞান গ্রুপে পাসের হার শতকরা ৭৪ দশমিক ৭৮ শতাংশ। দুই গ্রুপ মিলিয়ে ছাত্রদের পাসের হার শতকরা ৭৮ দশমিক ৫৩ ভাগ। ছাত্রীদের পাসের হার ৭৬ দশমিক ২৮ শতাংশ।

### কুমিল্লা বোর্ড

কুমিল্লা বোর্ডে এবারের এসএসসি পরীক্ষায় পাসের হার ৬১ দশমিক ৫২ শতাংশ। সর্বমোট পরীক্ষার্থী ছিল এক লাখ ৬৮

(৪--এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর)

## তিন বোর্ডের এসএসসির ফল

হাজার ৮০১ জন। উত্তীর্ণ হয়েছে এক লাখ তিন হাজার ৮৫১ জন।

প্রথম বিভাগ পেয়েছে ৫৭ হাজার ৫৭৮ জন। দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা ৪৫ হাজার ৪০৩। তৃতীয় বিভাগে পাস করেছে ৮৭০ জন।

সম্মিলিত মেধা তালিকায় শীর্ষ স্থান অধিকার করেছে চট্টগ্রাম কলেজিয়েট স্কুলের শুভাশিস দাস। সাতটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮৮৭। দ্বিতীয় হয়েছে ওই স্কুলেরই রীতেশ বড়ুয়া। ছয়টি লেটারসহ তর প্রাপ্ত নম্বর ৮৮১। তৃতীয় হয়েছে একই স্কুলের মোহাম্মদ ফিরোজ রায়হান। সাতটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮৭৭।

বিজ্ঞান গ্রুপে পাসের হার বেশী– শতকরা ৭৯ দশমিক ৫৪ ভাগ। অপরদিকে সমাজ বিজ্ঞান গ্রুপে পাসের হার অনেক কম–মাত্র ৫২ দশমিক ৮২ ভাগ। দুই গ্রুপ মিলিয়ে ছাত্ররা ভাল ফল করেছে। তাদের পাসের হার শতকরা ৬৩ দশমিক ৮৬ ভাগ। ছাত্রীদের পাসের হার ৫৭ দশমিক ৯৫ শতাংশ।